



আন্তর্জাতিক মানদণ্ডে ন্যায় বিচার নিশ্চিত হবে: মিজা ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মিজা ফখরুল ইসলাম আলমগীর জানিয়েছেন, জাতি বর্তমানে ক্ষমতাসূচ্যত প্রধানমন্ত্রী শেখ হাসিনার রায়ের দিকে তাকিয়ে আছে। সোমবার সকাল সোয়া ১০টায় নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে তিনি এই প্রতিক্রিয়া দিয়েছেন।

ফেসবুক পোস্টে তিনি বলেন, “কয়েক ঘণ্টার মধ্যেই মামলার রায় ঘোষণা হবে। আশা করছি, এটি আন্তর্জাতিক মানদণ্ডের সাথে খাপ খাইয়ে ন্যায্যভাবে গ্রহণযোগ্য হবে। দেশের মানুষ এই মুহূর্তের জন্য অপেক্ষায় আছে।” তিনি আরও যোগ করেন, “মুখ, ওয়াসিম, আবু সাইদসহ অনেকেই এই রায়ের অপেক্ষায়। এগিয়ে আসছে আগামীর বাংলাদেশ।” পোস্টের সঙ্গে তিনি জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে নিহতদের স্মরণে একটি পোস্টারও শেয়ার করেছেন।

মামলায় তিনজন আসামি রয়েছেন। প্রধান আসামি সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান পলাতক। অন্যদিকে সাবেক পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল-মামুন গ্রেফতারকৃত একমাত্র আসামি, যিনি ‘রাজসাক্ষী’ হিসেবে জবানবন্দী দিয়েছেন।

রাজধানীর আদালত এলাকা ও আশপাশে কড়া নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। রাজনৈতিক মহল এবং সাধারণ জনগণ রায়ের দিকে সতর্ক দৃষ্টি রাখছে।